গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
বহিরাগমন শাখা-২
www.ssd.gov.bd

**পরিপত্র**

নং-৫৮.০০.০০০০.০৪১.১৯.০০১.১৮-৩৩৩ তারিখ: ৪ ডিসেম্বর, ২০২৪

বিষয়: সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক প্রদত্ত বিভিন্ন সেবার বিপরীতে ফি নির্ধারণ/পুন:নির্ধারণ।

সূত্র: (১) এ বিভাগের স্মারক নং-Mis(T&O)-5/11/Immi-1/231, তারিখ: ১৫ মার্চ ২০১১।
(২) অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১৪৪.৯৯.০১০.২১.৩২০, তারিখ: ২৬ নভেম্বর, ২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ইতোপূর্বে জারিকৃত (১)নং সূত্রে বর্ণিত পরিপত্রটি পরিবর্তন/ফি পুন:নির্ধারণ করা হলো:

| ক্র:নং | প্রদত্ত সেবার নাম | নির্ধারিত ফি |
|---|---|---|
| ১. | দ্বৈত নাগরিকত্ব সনদ | ১০,০০০/- |
| ২. | বাংলাদেশের নাগরিকত্ব সনদ | ২০,০০০/- |
| ৩. | বাংলাদেশী নাগরিকত্ব পরিত্যাগ | ২০,০০০/- |
| ৪. | স্থায়ী আবাসিক সুবিধা প্রদান | ১৫,০০০/- |
| ৫. | NOC for Adoption | ৫,০০০/- |
| ৬. | পুলিশ ক্লিয়ারেন্স | ১,৫০০/- |
| ৭. | বিনিয়োগসূত্রে NVR (বাংলাদেশে কোন শিল্পে অথবা ব্যবসায় কমপক্ষে ৫ মিলিয়ন ইউএস ডলার বিনিয়োগকারী বিদেশি ২০১২ সালের পরিপত্র অনুযায়ী বিনা ফি-তে NVR পেয়ে থাকেন) | বিনিয়োগসূত্রে NVR প্রাপ্তির ক্ষেত্রে ৫ মিলিয়ন ইউএস ডলার বিনা ফি-তে |
| ৮. | NVR (No Visa Required) | ৮০ ইউএস ডলার |

২। এছাড়া (১)নং সূত্রে বর্ণিত পরিপত্রের অন্যান্য বিষয়সমূহ অপরিবর্তিত থাকবে।

৩। বর্ণিত সেবাসমূহের ফি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অর্থনৈতিক কোড নং-১-৭৩০১-০০০১-২৬৮১ এর অনুকূলে প্রদেয়/আদায়যোগ্য হবে।

৪। বর্ণিত পরিবর্তন/ফি পুন:নির্ধারণের বিষয়ে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

জনস্বার্থে জারিকৃত আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৪/১২/২০২৪
(কানিজ ফাতেমা)
উপসচিব
ফোন: ০২-৯৫৪৬৬২৮
e-mail:immi2@ssd.gov.bd

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব, জনবিভাগ রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৪। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৫। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৬। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।
৭। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সংশোধিত পরিপত্রের অনুলিপি সকল বাংলাদেশ দূতাবাস/মিশনে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
৮। সিনিয়র সচিব/সচিব ............................................................।
৯। মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।

Scanned with CamScanner